



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৭৫০০.০১৭.২৭.০০১.১৬-১৫৩

তারিখ: ২০ মাঘ ১৪২৭
০৩ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: মহসিন, ইউপি সদস্য, ০৩নং ওয়ার্ড, ০৩নং চাষিরহাট ইউনিয়ন পরিষদ, সোনাইমুড়ী, নোয়াখালী-কে সোনাইমুড়ী থানায় দায়েরকৃত মামলা নং-১১ (জিআর নং-৯৪/২০২০), তারিখ ১৩/০১/২০২০ হতে উদ্ধৃত বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২, নোয়াখালী'র নারী ও শিশু নির্যাতন মামলা নং-৫২/২০২০ বিজ্ঞ বিচারক (জেলা জজ) মামলার আসামী হওয়ায় জেলা প্রশাসক, নোয়াখালী এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ০৩ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ১৫২ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, নোয়াখালী এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৩/০২/২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল: up1lgd@gmail.com

জনাব মো: মহসিন
ইউপি সদস্য, ০৩নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ০৩নং চাষিরহাট ইউনিয়ন পরিষদ
সোনাইমুড়ী, নোয়াখালী।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, নোয়াখালী (উল্লিখিত ইউপি সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।